বাংলাদেশ কৃষি ব্যাং স্টাফ কলেজ
প্লট#৩, ব্লক#এ, সেকশন#১৩
মিরপুর, ঢাকা-১২১৬।
ফোনঃ ০২-৯০০২৮৮৮
Email: gmsc@krishibank.org.bd
dgmti@krishibank.org.bd

নং-বিকেবি/প্রকা/এসসি-৫(১৮)/২০১৮-১৯/৭০২ (১৮)                                    তারিখঃ ১৬/০৪/২০১৯ ইং

মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ সিলেট/ কুমিল্লা/ বরিশাল/ ফরিদপুর/ ময়মনসিংহ/ কুষ্টিয়া।

বিষয়ঃ "Guidelines on Internal Credit Risk Rating System for Banks" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা বিভাগীয় পর্যায়ে পরিচালনা এবং প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিকেবি, প্রধান কার্যালয়ের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের ২০/০২/২০১৯ ইং তারিখের পত্র নং-প্রকা/আরএমডি-০১/২০১৮-১৯/১৭০৯ এবং কর্তৃপক্ষের মৌখিক নির্দেশনা অনুযায়ী গত ১৬/০৩/১৯ ও ৩০/০৩/১৯ ইং তারিখে বিভাগীয় কার্যালয়, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়/ স্থানীয় মুখ্য কর্মকর্তা/কর্পোরেট শাখাসমূহ/ ক্রেডিট বিভাগ-১ ও ২, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ হতে সংশ্লিষ্ট/উপযুক্ত কর্মকর্তাগণকে মনোনীত করে ০১(এক) দিন ব্যাপী "Guidelines on Internal Credit Risk Rating System for Banks" শীর্ষক ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। ২য় ধাপে সকল বিভাগীয় ও আঞ্চলিক পর্যায়ে উক্ত প্রশিক্ষণ কর্মশালাটি আয়োজনের জন্য অত্র স্টাফ কলেজকে অনুরোধ করা হয়েছে।

০২। অত্র বিকেবি স্টাফ কলেজের উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম), প্রধান কার্যালয় সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা এবং অভিজ্ঞ প্রশিক্ষকগণ বর্নিত প্রশিক্ষণ কর্মশালাটি প্রতি সপ্তাহের শুক্রবার ও শনিবারে ভিন্ন ভিন্ন তারিখে বিভাগীয় কার্যালয়সমূহে পরিচালনা করবেন। **উক্ত প্রশিক্ষণের জন্য সর্বোচ্চ ৪৫ জনকে (ইতিপূর্বে উল্লেখিত প্রশিক্ষণ প্রাপ্তদের বাদ দিতে হবে) মনোনয়ন দেয়ার জন্য আপনাকে অনুরোধ করা হলো। প্রশিক্ষণার্থীদের স্তর হবে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, উপমহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, শাখা ব্যবস্থাপক এবং বিভিন্ন কার্যালয়ের ঋণের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ।** প্রশিক্ষণ-কর্মশালাটি আগামী ১৯/০৪/২০১৯ তারিখ থেকে শুরু হয়ে ০৪/০৫/২০১৯ তারিখ পর্যন্ত পর্যায়ক্রমে বিভাগীয় কার্যালয়সমূহে এক (০১) দিন ব্যাপী অনুষ্ঠিত হবে (সংযুক্ত সূচী অনুযায়ী)।

০৩। আপনার বিভাগ হতে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদানপূর্বক অত্র স্টাফ কলেজকে আগামী ১৮/০৪/২০১৯ ইং তারিখের মধ্যে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো। প্রশিক্ষণ শুরুর দিন সকাল ৯.০০ ঘটিকার মধ্যে প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণস্থলে উপস্থিত নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্যও অনুরোধ করা হলো।

০৪। উল্লেখ্য, প্রশিক্ষণ কোর্সটি পরিচালনার জন্য প্রশিক্ষণার্থীদের ব্যবহারের নিমিত্তে কাগজ, কলম, ফাইল কভার ইত্যাদি ক্রয়ের জন্য এবং স্থানীয়ভাবে শ্রেণীকক্ষ/হল/ অডিটরিয়াম, চেয়ার-টেবিল, মাইক ভাড়া, ব্যানার তৈরী ইত্যাদি ব্যয় নির্বাহের জন্য থোক বরাদ্দ মোট ২,০০০/- (দুই হাজার) টাকা এবং প্রশিক্ষণার্থীদের দুপুরের খাবার এবং ক্লাশ চলাকালীন সময়ে দুইবার চা-নাস্তা বাবদ জন প্রতি প্রতিদিন বরাদ্দ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা খরচ করা যাবে।

এছাড়া, স্থানীয় প্রশিক্ষক অথবা অতিথি বক্তা হিসাবে যারা ক্লাশ পরিচালনা করবেন তাদের ক্লাশ প্রতি উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপকদের সম্মানী- ৩,০০০/- টাকা (প্রতি ক্লাশ), উপ-মহাব্যবস্থাপকদের সম্মানী- ২,০০০/- টাকা (প্রতি

ক্লাশ), সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা প্রশিক্ষকদের সম্মানী-১,৫০০/- টাকা (প্রতি ক্লাশ, মুখ্য কর্মকর্তা/ তদনিম্ন কর্মকর্তা প্রশিক্ষকদের সম্মানী-১,০০০/- টাকা (প্রতি ক্লাশ) হারে সম্মানী বিকেবি স্টাফ কলেজের পক্ষে প্রদান করা যাবে। **উক্ত খরচসমূহ কোর্স সমাপ্তির পর প্রধান কার্যালয় বিকেবি সাধারণ হিসাবের মাধ্যমে বিকেবি স্টাফ কলেজ শাখার উপর ডেবিট এ্যাডভাইস ইস্যু করে স্থানান্তরের ব্যবস্থা নিতে হবে। তবে হিসাব সমন্বয়ের সুবিধার্থে ডেবিট এ্যাডভাইসটি অন্যান্য সংযুক্তিসহ বিকেবি স্টাফ কলেজের সমন্বয়কারী বরাবরে প্রেরন করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০৫। বর্নিত অবস্থার প্রেক্ষিতে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য "Guidelines on Internal Credit Risk Rating System for Banks" সংক্রান্ত প্রশিক্ষণ-কর্মশালাটি পরিচালনা এবং প্রশিক্ষণার্থী মনোনয়ন সংযুক্ত সময়সূচী অনুযায়ী সফল করার লক্ষ্যে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

এতদসংক্রান্ত কোন পরামর্শ আবশ্যক মনে করলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার বিনীত অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২১/০৪/১৯

(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উর্ধ্বতন অনুষদ সদস্য (সমন্বয়)
মোবাইলঃ ০১৭১৬-১৭৯৪৯৯

নং-বিকেবি/প্রকা/এসসি-৫(১৮)/২০১৮-১৯/৭০২ (১৮) তারিখঃ ১৬/০৪/২০১৯ ইং

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ**

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/ পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৫. উপ-মহাব্যবস্থাপক, এইচআরএমডি-০২এবং আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬. সংশ্লিষ্ট সমন্বয়কারীগণ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৭. অফিস কপি/ মহানথি।

১৬/০৪/১৯

(মোহাম্মদ মোসাওয়ার হোসেন)
অনুষদ সদস্য (এসপিও)

'সংযুক্তি-ক'

বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ
প্লট#৩, ব্লক#এ, সেকশন#১৩
মিরপুর, ঢাকা-১২১৬।
ফোনঃ ০২-৯০০২৮৮৮
Email: gmsc@krishibank.org.bd
dgmti@krishibank.org.bd

## Guidelines on ICRR System for Banks প্রশিক্ষণ সূচী

| ক্রঃ নং | বিভাগের নাম | তারিখ ও বার | সময় | প্রশিক্ষণ স্থান | সমন্বয়কারী ও আইসিটি সহকারীর নাম | প্রশিক্ষকবৃন্দ |
|---|---|---|---|---|---|---|
| ০১। | ঢাকা | ১৯/০৪/২০১৯ শুক্রবার | ৯.৩০ | স্টাফ কলেজ | ১। মোহাম্মদ আজিজুর রহমান ফকির, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম)<br>২। মোহাম্মদ মোসাওয়ার হোসেন, অনুষদ সদস্য | ১। মোহাম্মদ আজিজুর রহমান ফকির, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম)<br>২। মোঃ রফিকুল ইসলাম, ব্যবস্থাপক (উমুক), ফতুল্লা শাখা, নারায়ণগঞ্জ। |
| ০২। | ময়মনসিংহ | ২০/০৪/২০১৯ শনিবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ / অনুমোদিত স্থান | ১। মোহাম্মদ আজিজুর রহমান ফকির, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম)<br>২। ওয়ালি-উল-ইসলাম, মুখ্য কর্মকর্তা | ঐ |
| ০৩। | চট্টগ্রাম | ২৬/০৪/২০১৯ শুক্রবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম/ অনুমোদিত স্থান | ১। মুহাম্মদ মাজহারুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে),<br>২। মুহাম্মদ জনি আহমেদ, উর্ধ্বতন কর্মকর্তা | ১। মুহাম্মদ মাজহারুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)<br>২। মোহাম্মদ মঈনুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে) ক্রেডিট-১, বিকেবি, প্রকা। |
| ০৪। | কুমিল্লা | ২৭/০৪/২০১৯ শনিবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, কুমিল্লা / অনুমোদিত স্থান | ১। মুহাম্মদ মাজহারুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে),<br>২। মুহাম্মদ জনি আহমেদ, উর্ধ্বতন কর্মকর্তা | ১। মুহাম্মদ মাজহারুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে),<br>২। মোঃ আক্তার হোসেন, এজিএম, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা। |
| ০৫। | বরিশাল | ২৬/০৪/২০১৮ শুক্রবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, বরিশাল / অনুমোদিত স্থান | ১। মোহাম্মদ আজিজুর রহমান ফকির, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম)<br>২। ওয়ালি-উল-ইসলাম, মুখ্য কর্মকর্তা | ১। মোহাম্মদ আজিজুর রহমান ফকির, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম)<br>২। মোঃ আক্তার হোসেন, এজিএম, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা। |
| ০৬। | ফরিদপুর | ২৭/০৪/২০১৮ শনিবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, ফরিদপুর / অনুমোদিত স্থান | ১। মোহাম্মদ আজিজুর রহমান ফকির, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম)<br>২। ওয়ালি-উল-ইসলাম, মুখ্য কর্মকর্তা | ঐ |
| ০৭। | সিলেট | ০৩/০৫/২০১৯ শুক্রবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, সিলেট/ অনুমোদিত স্থান | ১। মোহাম্মদ আজিজুর রহমান ফকির, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম)<br>২। ওয়ালি-উল-ইসলাম, মুখ্য কর্মকর্তা | ১। মোহাম্মদ আজিজুর রহমান ফকির, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম)<br>২। মোঃ রফিকুল ইসলাম, ব্যবস্থাপক (উমুক), ফতুল্লা শাখা, নারায়ণগঞ্জ। |
| ০৮। | খুলনা | ০৩/০৫/২০১৯ শুক্রবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, খুলনা/ অনুমোদিত স্থান | ১। মুহাম্মদ মাজহারুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)<br>২। সৈয়দ শাকিল আহমেদ আলমগীর, মুখ্য কর্মকর্তা | ১। মুহাম্মদ মাজহারুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)<br>২। মোহাম্মদ মঈনুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে) ক্রেডিট-১, বিকেবি, প্রকা। |
| ০৯। | কুষ্টিয়া | ০৩/০৫/২০১৯ শনিবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া/ অনুমোদিত স্থান | ১। মুহাম্মদ মাজহারুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)<br>২। মুহাম্মদ জনি আহমেদ, উর্ধ্বতন কর্মকর্তা | ঐ |